প্রমাণক ১.১(৩)১.২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা সমবায় কার্যালয়
আজাহার ম্যানশন (৩য় ও ৪র্থ তলা), কারমাইকেল রোড
সেউজগাড়ী, বগুড়া-৫৮০০
www.cooperative.bogra.gov.bd

স্মারক নং-৪৭.৬১.১০০০.০০০.১৪.০২৮.২২-১৬৬৬

তারিখ: ০৯/০৮/২০২৩খ্রি.

বিষয় : সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কমিটির সভার নোটিশ।

সূত্র : এ কার্যালয়ের আদেশ নং-১৫৯৮, তারিখ: ৩০/০৭/২০২৩খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সুত্রের পরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলের অবগতির জানানো যাচ্ছে যে, সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ বাস্তবায়নের লক্ষ্যে জেলা সমবায় কার্যালয়, বগুড়া এর সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কমিটির সভা আগামী ১৭/০৮/২০২৩খ্রি. তারিখ বৃহ:বার সকাল ১১.০০ ঘটিকার সময় নিম্ন-স্বাক্ষরকারীর অফিসকক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় জেলা সমবায় কার্যালয়,বগুড়া এর সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কমিটির সকল সদস্যগণকে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৯/০৮/২৩

(মোঃ মাসুদ পারভেজ)
জেলা সমবায় অফিসার
বগুড়া।
ফোন: ০২৫৮৯৯০২৫২৭

প্রতি,

জনাব ........................
সদস্য/সদস্য সচিব, বগুড়া জেলা সমবায় কার্যালয়, বগুড়া এর
সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কমিটি।

সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রদান:

০১) যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, রাজশাহী বিভাগ, রাজশাহী।

জেলা সমবায় কার্যালয়, বগুড়া এর সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কমিটির সভার সদস্যগণের হাজিরা

| ক্র:নং | নাম, পদবী ও কর্মস্থল | কমিটির পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১. | মোঃ মাসুদ পারভেজ<br>জেলা সমবায় অফিসার<br>জেলা সমবায় কার্যালয়,বগুড়া | সভাপতি | |
| ০২. | মোছাঃ সাবিহা আফরুজ<br>উপ-সহকারী নিবন্ধক<br>জেলা সমবায় কার্যালয়, বগুড়া | সদস্য | |
| ০৩. | মোঃ নূর আলম<br>পরিদর্শক<br>জেলা সমবায় কার্যালয়, বগুড়া | সদস্য | |
| ০৪. | মোঃ আশরাফুল ইসলাম<br>প্রধান সহকারী<br>জেলা সমবায় কার্যালয়, বগুড়া | সদস্য | |

# জেলা সমবায় কার্যালয়, বগুড়া এর সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কমিটির সভার কার্যবিবরনী

স্থান : জেলা সমবায় অফিসার, বগুড়া এর অফিসকক্ষ।
তারিখ: ১৭/০৮/২০২৩খ্রি. বৃহ:বার, বেলা ১১.০০ ঘটিকার।
সভাপতি : জনাব মোঃ মাসুদ পারভেজ, জেলা সমবায় অফিসার, বগুড়া।

অদ্যকার জেলা সমবায় কার্যালয়, বগুড়া এর সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কমিটির সভা জনাব মোঃ মাসুদ পারভেজ, জেলা সমবায় অফিসার, বগুড়া এর সভাপতিত্বে আরম্ভ করা হয়।

| আলোচ্য বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ | বাস্তবায়নকারী |
| --- | --- | --- |
| ০১. ত্রৈমাসিক ভিত্তিতে নিজ অফিসের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদপূর্বক ওয়েবপোর্টালের সেবাবক্সে উপস্থাপন ও প্রকাশ্যে প্রদর্শন প্রসঙ্গে। | সভায় সভাপতি মহোদয় জানান যে, কর্মসম্পাদন চুক্তি ২০২৩-২০২৪ এর আওতায় সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা অনুযায়ী নিজ অফিসের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদপূর্বক ওয়েবসাইটের সেবা বক্সে উপস্থাপন এবং প্রকাশ্যে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিজ অফিসের সেবা প্রদান প্রতিশ্রুতি শতভাগ হালনাগাদকরণ এবং ওয়েবসাইটের সেবা বক্সে উপস্থাপনসহ প্রকাশ্যে প্রদর্শনের সিদ্ধান্ত গৃহীত হয়। | সদস্য সচিব, সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কমিটি। |
| ০২. ত্রৈমাসিক ভিত্তিতে আওতাধীন অফিসসমুহের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদপূর্বক ওয়েবসাইটের সেবা বক্সে উপস্থাপন এবং প্রকাশ্যে প্রদর্শনের ব্যবস্থাকরণ প্রসঙ্গে। | সভায় সভাপতি মহোদয় জানান যে, কর্মসম্পাদন চুক্তি ২০২৩-২০২৪ এর আওতায় সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা অনুযায়ী আওতাধীন অফিসসমুহের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদপূর্বক ওয়েবসাইটে উপস্থাপন এবং প্রকাশ্যে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে এ কার্যালয়ের আওতাধীন সকল উপজেলা সমবায় কার্যালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদপূর্বক ওয়েবসাইটের সেবা বক্সে উপস্থাপন এবং প্রকাশ্যে প্রদর্শনের জন্য পত্র প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | সদস্য সচিব, সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কমিটি। |
| ০২. নিজ অফিসের কর্মকর্তা/কর্মচারী ও আওতাধীন অফিসের কর্মকর্তা/ কর্মচারী/ স্টেকহোল্ডারগণের সমন্বয়ে সেবা প্রদান বিষয়ে প্রশিক্ষণ/ সেমিনার/ কর্মশালা/ অবহিতকরণ সভা আয়োজন প্রসঙ্গে। | সভায় সভাপতি মহোদয় জানান যে, কর্মসম্পাদন চুক্তি ২০২৩-২০২৪ এর আওতায় সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা অনুযায়ী নিজ অফিসের কর্মকর্তা/ কর্মচারী ও আওতাধীন অফিসের কর্মকর্তা/ কর্মচারী/ স্টেকহোল্ডারগণের সমন্বয়ে সেবা প্রদান বিষয়ে প্রশিক্ষণ/ সেমিনার/ কর্মশালা/ অবহিতকরণ সভা আয়োজন করতে হবে। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে সুবিধাজনক সময়ে এ কার্যালয়ের সকল কর্মকর্তা/কর্মচারীগণের সমন্বয়ে প্রশিক্ষণ আয়োজন এবং আওতাধীন অফিসের কর্মকর্তা/ কর্মচারী/ স্টেকহোল্ডারগণের সমন্বয়ে একটি অবহিতকরণ সভায় আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। | সদস্য সচিব, সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কমিটি। |

অদ্যকার সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষনা করেন।

১৭/০৮/২৩

সভাপতি
সেবা প্রদান প্রতিশ্রুতি
বাস্তবায়ন কমিটি।